নিউ ইয়র্কের দক্ষিণের ডিস্ট্রিক্টগুলোর জন্য ইউনাইটেড স্টেটস্ ডিস্ট্রিক্ট কোর্ট

যদি আপনি বিশেষ শিক্ষার কোনো শিক্ষার্থী সম্পর্কে একটি নিরপেক্ষ শুনানির রায় পেয়ে থাকেন যাতে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনকে কোনো ব্যবস্থা গ্রহণ করার বা পেমেন্ট করার নির্দেশ দেয়া হয়েছে, তাহলে একটি প্রস্তাবিত শ্রেণিস্বার্থ মামলার মাধ্যমে আপনি পেমেন্ট এবং/অথবা শিক্ষা পরিষেবা পাওয়ার যোগ্য হতে পারেন।

- যে সব ব্যক্তিগণ নিউ ইয়র্ক সিটিতে ডিসেম্বর ১৩, ২০০০ তারিখে বা তার পরে এবং জানুয়ারি ৩১, ২০০৮ তারিখে বা তার আগে নিরপেক্ষ শুনানির রায় পেয়েছেন, এই নিষ্পত্তির প্রস্তাবটি তাদেরকে প্রদান করতে পারে (i) নিরপেক্ষ শুনানির আদেশে উল্লিখিত পেমেন্ট, (ii) আপনি শিক্ষার জন্য যে অর্থ খরচ করেছেন তার ব্যয়পরিশোধ কারণ নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") রায়টি পালনে ব্যর্থ হয়েছে, এবং/অথবা (iii) ডিওই যথাসময়ে রায় বাস্তবায়নে ব্যর্থ হলে শিক্ষা পরিষেবার জন্য $৮,০০০ পর্যন্ত (অথবা, বিশেষ ক্ষেত্রে $১৫,০০০ পর্যন্ত) ভাউচার। এই নিষ্পত্তির প্রস্তাবের শর্তাবলির অধীনে আপনি পেতে পারেন এমন যে কোনো পেমেন্ট, ভাউচার বা ব্যয়পরিশোধের পরিমাণ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে 'নিষ্পত্তির শর্তাবলি ও চুক্তি'তে ব্যাখ্যা করা হয়েছে। ("শর্তাবলি")।

- নিষ্পত্তির প্রস্তাবটি একটি মামলার সমাধান করে যে কার্যকর নীতি ও প্রক্রিয়ার অভাব থাকার কারণে এবং রায়গুলো সময়মতো, কার্যকর, ও সামগ্রিকভাবে বাস্তবায়নের জন্য একটি পদ্ধতি তৈরি ও বজায় রাখার ব্যর্থতার কারণে ডিওই নিরপেক্ষ শুনানি অফিসার কর্তৃক প্রদত্ত রায় পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে পালন করতে ব্যর্থ হয়েছে কিনা।

- নিষ্পত্তির প্রস্তাবটি চায় (১) আপনার জন্য মামলাটি চালিয়ে যাওয়ার ঝুঁকিগুলো পরিহার করতে, (২) আপনার প্রতিবন্ধী সন্তানের (বা আপনার যদি আপনার বয়স ২১ বছরের বেশি হয় এবং আপনার পিতামাতা আপনার পক্ষে একটি নিরপেক্ষ শুনানির রায় পেয়ে থাকেন) শিক্ষা পরিষেবার খরচ প্রদানের জন্য, এবং (৩) যে ভবিষ্যতে ডিওই পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে নিরপেক্ষ শুনানির রায় বাস্তবায়ন করবে।

- আপনি ব্যবস্থা গ্রহণ করেন বা না করেন, আপনার আইনসম্মত অধিকার প্রভাবিত হয়েছে। এই বিজ্ঞপ্তিটি যত্ন সহকারে পড়ুন।

এই নিষ্পত্তির প্রস্তাবে আপনার আইনসম্মত অধিকার ও পছন্দসমূহ

আপনার অধিকার রয়েছে:

১. *শিক্ষা পরিষেবার জন্য ভাউচার, শিক্ষা পরিষেবার জন্য ব্যয়পরিশোধ এবং/অথবা রায় অনুযায়ী পেমেন্ট প্রদানের অনুরোধ জানানোর* – যদি আপনি জানুয়ারি ৩১, ২০০৮ তারিখে বা তার আগে এক বা একাধিক নিরপেক্ষ শুনানির রায় পেয়ে থাকেন, তাহলে এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত দাবিনামাটি পূরণ করুন এবং ফেরত দিন।

২. *অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেয়ার* – বিজ্ঞপ্তিটির সাথে সংযুক্ত ফরমটি ফেরত দিন এটি জানানোর জন্য যে আপনি "বেরিয়ে যেতে চান" অথবা ভাউচার, ব্যয়পরিশোধ, বা পেমেন্ট নিতে চান না। যদি আপনি বেরিয়ে যান, তাহলে ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখে বা তার আগে প্রাপ্ত আপনার নিরপেক্ষ শুনানির রায় বা রায়গুলো সংক্রান্ত আপনার স্বতন্ত্র আইনসম্মত দাবিগুলো নিয়ে আপনি বিনাবাধায় অগ্রসর হতে পারবেন। আপনি নিষ্পত্তি প্রস্তাবের অংশবিশেষ থেকে নিজেকে প্রত্যাহার করতে পারবেন না যেগুলো ভবিষ্যতে নিরপেক্ষ শুনানির রায়গুলো পদ্ধতিগতভাবে বাস্তবায়ন সম্পর্কিত, কিন্তু এই বিজ্ঞপ্তির জবাবে আপনি যে কর্মপন্থাই গ্রহণ করেন না কেন ভবিষ্যতের রায় সম্পর্কিত স্বতন্ত্র দাবিগুলো চালিয়ে যাওয়ার অধিকার আপনার থাকবে।

৩. *আপত্তি করার* – আপনি কেন নিষ্পত্তির প্রস্তাবটি পছন্দ করছেন না সেই সম্পর্কে আদালতকে লিখিতভাবে জানানোর।

৪. *শুনানিতে যাওয়ার* – নিষ্পত্তির প্রস্তাবের ন্যায্যতা সম্পর্কে কথা বলার জন্য আদালতে যাওয়ার অনুরোধ জানানোর।

- *যদি আপনি কিছুই না করেন,* আপনি শিক্ষা পরিষেবার জন্য ভাউচার বা ব্যয়পরিশোধ পেতে সক্ষম হবেন না এবং এছাড়াও ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখের বা তার আগের নিরপেক্ষ শুনানির রায়গুলো সম্পর্কিত স্বতন্ত্র দাবিগুলো চালিয়ে যাওয়ার অধিকার হারাবেন।

- এই অধিকার ও পছন্দগুলো – *এবং সেগুলো প্রয়োগ করার সর্বশেষ সময়সীমা* – এই বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা হয়েছে।

- তারপরও এই মামলার দায়িত্বে নিয়োজিত আদালতকে সিদ্ধান্ত নিতে হবে এই নিষ্পত্তির প্রস্তাব অনুমোদন করবে কিনা। যদি আদালত নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করে এবং এই বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রক্রিয়াগুলো অনুসরণ করা হয় তাহলে ভাউচার ও পেমেন্ট ইস্যু করা হবে। অনুগ্রহ করে ধৈর্য ধরুন; নিষ্পত্তির প্রস্তাবের অধীনে প্রাপ্ত দাবি প্রক্রিয়াকরণ করতে সময় লাগতে পারে।

মৌলিক তথ্য

১. *এই মামলাটি কী সংক্রান্ত?*

২০০৩ সালে, নিউ ইয়র্ক সিটির প্রতিবন্ধী শিক্ষার্থীদের অনেক পিতামাতা এই ফেডারেল শ্রেণিস্বার্থ মামলাটি শুরু করেন এই অভিযোগ এনে যে সময়মত, কার্যকরভাবে, ও সমন্বিতভাবে নিরপেক্ষ শুনানির রায়গুলো বাস্তবায়নের জন্য পদ্ধতি বা কার্যকর নীতি ও প্রক্রিয়ার অভাবে ডিওই নিরপেক্ষ শুনানির রায়গুলো পূর্ণাঙ্গভাবে ও যথাসময় বাস্তবায়ন করেনি। ডিসেম্বর ১৩, ২০০৩ তারিখে মূল বাদীগণ অভিযোগটি নথিভুক্ত করেন এবং অভিযোগ করেন যে ডিওই, বোর্ড অব এডুকেশন, এবং চ্যান্সেলর জোয়েল ক্লাইন, তার ব্যক্তিগত ও অফিশিয়াল ক্ষমতাবলে (সম্মিলিতভাবে, "<u>বিবাদীগণ</u>") নিরপেক্ষ শুনানির রায়গুলো পূর্ণাঙ্গ ও সময়মত বাস্তবায়ন করতে ব্যর্থ হয়ে যুক্তরাষ্ট্রের সংবিধানের ১৪তম সংশোধনীর যথাযথ প্রক্রিয়ার অনুচ্ছেদ (14th Amendment of the U.S. Constitution), প্রতিবন্ধী শিক্ষা বিধি, ২০ ইউ.এস.সি. §§ ১৪০০ ও তৎপরবর্তী বিধিসমূহ, ৪২ ইউ.এস.সি. § ১৯৮৩, (the Individuals with Disabilities Education Act, 20 U.S.C. §§ 1400 *et seq.*, 42 U.S.C. § 1983) পুনর্বাসন আইনের অনুচ্ছেদ ৫০৪, ২৯ ইউ.এস.সি. § ৭৯৪, (Section 504 of the Rehabilitation Act, 29 U.S.C. § 794) এবং নিউ ইয়র্ক স্টেট শিক্ষা নীতি §§ ৪৪০১ ও তৎপরবর্তী বিধিসমূহ, (New York State Education Law §§ 4401 *et seq.*,) এবং এগুলোর অধীনে প্রণীত প্রবিধানগুলো লঙ্ঘন করেছেন। বিবাদীগণ এই সকল অভিযোগ সম্পর্কিত যে কোনো দায়-দায়িত্ব, ভুল আচরণ বা লঙ্ঘনকে প্রত্যাখান করেছেন এবং এর সপক্ষে আত্মপক্ষ সমর্থন করেছেন।

২. *শ্রেণিস্বার্থ কী?*

শ্রেণিস্বার্থ এক বা একাধিক ব্যক্তি যাদেরকে বলা হয় "<u>শ্রেণির প্রতিনিধি</u>" ("<u>Class Representatives</u>") অনুরূপ দাবিদার ব্যক্তিদের পক্ষে মামলা করে থাকেন। শ্রেণির প্রতিনিধি এবং অনুরূপ দাবিদার সকল ব্যক্তিগণ হচ্ছেন "<u>শ্রেণিসদস্য</u>" ("<u>Class Members</u>" বা "<u>শ্রেণি</u>" ("<u>Class</u>")। একটি আদালত ক্লাসের সকল সদস্যের সমস্যা সমাধান করেন, সেই সকল ক্লাস সদস্যদের জন্য ব্যতীত যারা নিজেদেরকে ক্লাস থেকে যথাযথভাবে প্রত্যাহার করে নেন। ইউ.এস. ডিস্ট্রিক্ট জজ রিচার্ড হলওয়েল এই শ্রেণিস্বার্থ মামলাটি পরিচালনা করছেন। ১৫ সেপ্টেম্বর, ২০০৫ তারিখে, আদালত স্বতন্ত্র ব্যক্তিবর্গের একটি শ্রেণিকে প্রত্যয়ন করেছেন যারা একটি নিরপেক্ষ শুনানির রায় পেয়েছেন, অথবা ভবিষ্যতে পাবেন, এবং যাদের রায় পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়িত হয়নি, অথবা না হওয়ার ঝুঁকিতে রয়েছে।

৩. *কেন নিষ্পত্তির প্রস্তাব দেয়া হচ্ছে?*

আদালত প্রধান বাদীগণ বা বিবাদীদের পক্ষে সিদ্ধান্ত প্রদান করেননি। বরং, উভয় পক্ষই একটি নিষ্পত্তির প্রস্তাবে সম্মত হয়েছেন যা তারা মনে করেন ন্যায্য, পর্যাপ্ত, ও যুক্তিসম্মত। এই ভাবে, তারা বিচারের খরচ এড়াতে পারবেন, এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা অবিলম্বে সুবিধাগুলো পাবেন। ক্লাসের প্রতিনিধিরা এবং তাদের অ্যাটর্নিরা মনে করেন যে এই নিষ্পত্তির প্রস্তাবটি ক্লাসের সকল সদস্যদের সর্বোত্তম স্বার্থ রক্ষা করবে।

নিষ্পত্তির প্রস্তাবের অধীনে কারা পেমেন্ট এবং/অথবা শিক্ষা পরিষেবা পাবে?

এই নিষ্পত্তির প্রস্তাব থেকে আপনি শিক্ষা পরিষেবার জন্য পেমেন্ট এবং/অথবা ভাউচার পাবেন কিনা তা জানার জন্য, প্রথমেই আপনাকে নির্ধারণ করতে হবে আপনি ক্লাস সদস্য কিনা।

৪. *আমি নিষ্পত্তির প্রস্তাবের অংশ কিনা তা কীভাবে জানবো?*

ফেডারেল রুলস অব দি সিভিল প্রসিডিউরস্-এর বিধি ২৩(বি)(২) এবং ২৩(বি)(৩) (Rules 23(b)(2) and 23(b)(3) of the Federal Rules of Civil Procedure)-এর অধীনে নির্ধারিত শর্তাধীনে জজ রিচার্ড হলওয়েল নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করার জন্য পক্ষগুলো অনুরোধ জানাচ্ছে। নিচের বিবরণের একটি বা উভয়টিই যাদের ক্ষেত্রে মিলে যায় তারা ক্লাসের সদস্য:

I. *প্রত্যেকে যারা, ডিসেম্বর ১৩, ২০০০ তারিখে বা তার পরে এবং জানুয়ারি ৩১, ২০০৮ তারিখে বা তার আগে, 'নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন' ("ডিওই")-এর বিরুদ্ধে একজন নিরপেক্ষ শুনানি অফিসার ('ইমপার্শিয়াল হিয়ারিং অফিসার') কর্তৃক তাদের অনুকূলে রায় পেয়েছেন অথবা ডিওই-এর সাথে একটি পক্ষপাতহীন শুনানিতে নথিপত্রের উপর শর্তাধীনে নিষ্পত্তির শর্ত আরোপ করা হয়েছে এবং ওই রায় বা নিষ্পত্তির পূর্ণাঙ্গ ও সময়মতো বাস্তবায়ন অর্জনে ব্যর্থ হয়েছেন ("<u>কমপেনসেটোরি রিলিফ সাবক্লাস</u>")।*

II. *প্রত্যেকে যারা, ডিসেম্বর ১২, ২০০৩ তারিখে বা তার পরে (১) 'নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন' ("ডিওই")-এর বিরুদ্ধে একজন নিরপেক্ষ শুনানি অফিসার কর্তৃক তাদের অনুকূলে রায় পেয়েছেন অথবা পাবেন অথবা ডিওই-এর সাথে একটি পক্ষপাতহীন শুনানিতে নথিপত্রের উপর শর্তাধীনে নিষ্পত্তির শর্ত আরোপ করা হয়েছে এবং (২) ওই রায় বা নিষ্পত্তির পূর্ণাঙ্গ ও সময়মতো বাস্তবায়ন অর্জনে ব্যর্থ হয়েছেন বা হবেন ("<u>ইনজাংটিভ রিলিফ সাবক্লাস</u>")।*

৫. *আমি এখনো নিশ্চিত নই যে আমি অন্তর্ভুক্ত কিনা।*

আপনি অন্তর্ভুক্ত আছেন কিনা সেই সম্পর্কে আপনি এখনো নিশ্চিত না হলে, আরো ব্যাখ্যার জন্য আপনি জিজ্ঞাসা করতে পারেন। আরো তথ্যের জন্য আপনি **1-800-918-8061** নম্বরে ফোন করতে পারেন, **www.hearingordersettlement.com** ওয়েবসাইট দেখতে পারেন অথবা 1-212-947-9779 এক্সটেনশন 577 নম্বরে 'অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন'-এ ফোন করতে পারেন।

নিষ্পত্তির প্রস্তাব – আপনি কী পাবেন

৬.   *নিষ্পত্তির প্রস্তাবটি কী প্রদান করবে?*

শ্রেণিসদস্যদের পদ্ধতিগত দাবি ছেড়ে দেয়ার বিনিময়ে, বিবাদীগণ একটি নিষ্পত্তির প্রস্তাবের শর্তগুলোতে সম্মত হয়েছেন। ওই শর্তগুলোর একটি সংক্ষিপ্তসার এখানে দেয়া হলো:

ইনজাংটিভ রিলিফ সাবক্লাসের জন্য যে ক্ষতিপূরণগুলো দেয়া হবে

কার্যকর করার দিন থেকে শুরু করে, একজন স্বতন্ত্র নিরীক্ষক ডিওই-এর কম্পিউটার রেকর্ড ও শিক্ষার্থীর ফাইলগুলো দেখবেন এবং ডিওই রায়গুলো পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করছে কিনা তা নির্ধারণের জন্য ডিওই-এর কর্মীদের সাক্ষাৎকার গ্রহণ করবেন। কার্যকর করার দিন থেকে শুরু করে প্রথম ছয় মাসের জন্য, ডিওই অবশ্যই নিরপেক্ষ শুনানি আদেশের বা ওই রায়গুলোতে উল্লিখিত বাধ্যবাধকতাগুলোর ৭৫% পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করবে। ডিওই ওই লক্ষ্য পূরণ করার পর ছয় মাসের জন্য, ডিওই অবশ্যই নিরপেক্ষ শুনানি আদেশের বা ওই রায়গুলোতে উল্লিখিত বাধ্যবাধকতাগুলোর ৮৫% পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করবে। অবশেষে, পরবর্তী দুই বছরের জন্য, ডিওই অবশ্যই নিরপেক্ষ শুনানি আদেশের বা ওই রায়গুলোতে উল্লিখিত বাধ্যবাধকতাগুলোর ৯১.৫% পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করবে। যদি ডিওই এই সকল শর্তাবলি পূরণে সফল হয়, তাহলে ডিওই এই চুক্তি থেকে অব্যাহতি পাবে। তবে, যদি ডিওই এই সকল শর্তাবলি পূরণে ব্যর্থ হয়, তাহলে ডিওই একটি সংশোধনমূলক পদক্ষেপ পরিকল্পনা (Corrective Action Plan) গ্রহণ করা আবশ্যক। এমনকি সংশোধনমূলক পদক্ষেপ পরিকল্পনা অনুসরণ করার পরও যদি ডিওই এই সকল শর্তাবলি পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে যথাযথ পদক্ষেপ কী হবে তা নির্ধারণ করার জন্য পক্ষগুলো আদালতের সামনে হাজির হবে। যদি স্বতন্ত্র নিরীক্ষক নির্ধারণ করেন যে নিরপেক্ষ শুনানির রায় পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করা হয়নি, তাহলে ক্লাস সদস্য একটি চিঠি পাবেন যার মাধ্যমে তাকে স্বতন্ত্র নিরীক্ষকের সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা হবে। ডিওই নিরপেক্ষ শুনানির রায় পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করতে ব্যর্থ হয়েছে তা আদালতে প্রতিষ্ঠা করার জন্য এই চিঠিটিই যথেষ্ট হবে, যদিও ডিওই প্রমাণ করতে পারে যে তারা বস্তুত নিরপেক্ষ শুনানির রায় পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করেছে।

কমপেনসেটোরি রিলিফ সাবক্লাসের জন্য যে ক্ষতিপূরণগুলো দেয়া হবে

যে রায়গুলোতে বলা হয়েছে যে ডিওই শিক্ষা পরিষেবা প্রদান করা আবশ্যক

ভাউচার: যদি ক্লাস সদস্যটি একটি রায় পান যা কোনো পিতামাতা, বেসরকারি খাতের প্রোভাইডার, বা বেসরকারি স্কুলকে সরাসরি পেমেন্ট প্রদান ছাড়া অন্য কোনো কার্যক্রম গ্রহণের জন্য ১৩ ডিসেম্বর, ২০০০ তারিখে বা তার পরে এবং ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখে বা তার আগে ডিওই-কে রায় প্রদান করে এবং সেই রায়টি যথাসময়ে বাস্তবায়ন করা না হয়, তাহলে ক্লাস সদস্যটি শিক্ষা পরিষেবা ও সহায়ক প্রযুক্তির জন্য একটি ভাউচার চাইতে পারেন।

সাধারণভাবে, শিক্ষা পরিষেবার জন্য ক্লাস সদস্যটি $৮,০০০-এর একটি ভাউচার পাবেন। যদি নিরপেক্ষ শুনানির রায়টি ডিওই-কে শুধুমাত্র একটি সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের রায় দেয়, তাহলে শিক্ষা পরিষেবার জন্য ক্লাস সদস্যটি $৪,০০০-এর একটি ভাউচার পাবেন। এছাড়াও, যদি ডিওই ক্লাস সদস্যটিকে সংশ্লিষ্ট পরিষেবা গ্রহণের জন্য ২০০৪ সালের গ্রীষ্মকালে একটি আমন্ত্রণ পাঠিয়ে থাকে, তাহলে ভাউচারটি থেকে $৪,০০০ বা ৫০% কমানো হবে, যেটি কম হয়, যদি না ক্লাস সদস্যটি দেখান যে তিনি আমন্ত্রণ পাননি অথবা তা ব্যবহার না করার জন্য গ্রহণযোগ্য কারণ ছিল। অবশেষে, যদি শিক্ষার্থীটি নিরপেক্ষ শুনানির রায় ইস্যু হওয়ার পর ৬০ দিনের মধ্যে ৪৫ দিনের বেশি সময় স্কুলের বাইরে থাকে, তাহলে ভাউচারটি হবে শিক্ষা পরিষেবার জন্য $১৫,০০০. যদি শিক্ষার্থী ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখের আগে লোকাল বা রিজেন্টস্ ডিপ্লোমা লাভ করে তাহলে ক্লাস সদস্য ভাউচার পাবেন না।

যদি কোনো ক্লাস সদস্য একটি ভাউচারের জন্য অনুরোধ জানান, তাহলে ডিওই প্রমাণ করতে চাইতে পারে যে তারা ক্লাস সদস্যটির নিরপেক্ষ শুনানির রায় পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করেছে অথবা ডিওই-এর পূর্ণাঙ্গভাবে ও যথাসময়ে বাস্তবায়নের ব্যর্থতার কারণে শিক্ষার্থীটি ন্যূনতমভাবে ক্ষতিগ্রস্ত হয়নি বা ন্যূনতম অসুবিধা ভোগ করেনি। ডিওই-এর করা এই ধরনের যে কোন যুক্তির জবাব ক্লাস সদস্য প্রদান করতে পারবেন। ওই সকল ক্ষেত্রে, যদি স্বতন্ত্র নিরীক্ষক ডিওই-এর সাথে একমত হন, তাহলে শ্রেণিসদস্যটি কোনো ভাউচার নাও পেতে পারেন অথবা সর্বোচ্চ $২,০০০ পর্যন্ত ভাউচার পেতে পারেন।

সকল ভাউচার নিরপেক্ষ শুনানির রায়ে উল্লিখিত শিশুর সুবিধার জন্য শিক্ষা পরিষেবার জন্য পূর্বে-অনুমোদিত প্রোভাইডার বা ক্লাস সদস্য কর্তৃক অনুরোধকৃত এবং স্বতন্ত্র নিরীক্ষক কর্তৃক অনুমোদিত প্রোভাইডারের মাধ্যমে ব্যবহার করা যেতে পারে। প্রতিটি ভাউচারের $৩,০০০ পর্যন্ত সহায়ক প্রযুক্তি কেনার জন্য ব্যবহার করা যাবে, যেমন ল্যাপটপ, শিক্ষামূলক সফটওয়্যার, ও রিডিং মেশিন (যদি না ক্লাস সদস্যটি স্বতন্ত্র নিরীক্ষকের কাছে প্রমাণ করতে পারেন যে শিক্ষার্থীর সুবিধার জন্য রায়টি প্রদান করা হয়েছে তার জন্য $৩,০০০-এর বেশি অর্থের সহায়ক প্রযুক্তি প্রয়োজন।)

ব্যয়পরিশোধ: যেসব শ্রেণিসদস্য ১৩ ডিসেম্বর, ২০০০ ও ৩১ জানুয়ারি, ২০০৮-এর মধ্যে রায় পেয়েছেন, যা ডিওই-কে শিক্ষা পরিষেবা প্রদানের জন্য নির্দেশ দিয়েছে, তারা ভাউচার গ্রহণের পরিবর্তে, শিক্ষা পরিষেবার পিছনে তারা যে খরচ করেছেন সেই অর্থ ফিরে পেতে চাইতে পারেন কারণ ডিওই পূর্ণাঙ্গভাবে ও সময়মত নিরপেক্ষ শুনানির রায় বাস্তবায়নে ব্যর্থ হয়েছে। ব্যয়পরিশোধ পাওয়ার জন্য, এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত দাবিনামায় যেভাবে বর্ণনা করা হয়েছে সেভাবে শ্রেণিসদস্যকে অবশ্যই প্রমাণ দিতে হবে যে তারা শিক্ষা পরিষেবার জন্য অর্থ প্রদান করেছেন।

যে রায়গুলোতে বলা হয়েছে যে ডিওই পিতামাতা বা পরিষেবা প্রদানকারীকে অর্থপ্রদান করা আবশ্যক

নিচে উল্লিখিত পেমেন্টগুলো পাওয়ার জন্য অতিরিক্ত প্রমাণপত্রের প্রয়োজন হতে পারে। আবশ্যক বাড়তি প্রমাণপত্রের জন্য অনুগ্রহ করে দাবি নথিভুক্তকরণের নির্দেশনা দেখুন।

যেখানে ডিসেম্বর ১৩, ২০০০ তারিখে বা তার পরে এবং জানুয়ারি ৩১, ২০০৮ তারিখে বা তার আগে একটি নিরপেক্ষ শুনানির রায়ে ডিওই-কে নির্দেশ দেয়া হয়েছে ক্লাস সদস্যকে ব্যয় পরিশোধ করার জন্য, এবং ডিওই ব্যয়পরিশোধের অর্থ প্রদান করেনি, ক্লাস সদস্যটি ডিওই-কে রায়কৃত অর্থ প্রদানের জন্য অনুরোধ জানাতে পারেন।

যেখানে ডিসেম্বর ১৩, ২০০০ তারিখে বা তার পরে এবং জানুয়ারি ৩১, ২০০৮ তারিখে বা তার আগে ডিওই-কে কোনো একটি সুনির্দিষ্ট পরিষেবার জন্য অর্থপ্রদান করতে নির্দেশ দেয়া হয়েছে, এবং ডিওই সেই পরিষেবার জন্য অর্থ প্রদান করেনি কিন্তু তা সত্ত্বেও শিক্ষার্থীটি পরিষেবা লাভ করেছে, সেইক্ষেত্রে ক্লাস সদস্যটি অনুরোধ করতে পারেন ডিওই যাতে শিশুটিকে পরিষেবা প্রদানকারী প্রোভাইডারকে অর্থপ্রদান করে অথবা শিশুটির জন্য পরিষেবা নিতে গিয়ে পিতামাতা যে খরচ করেছেন ডিওই যাতে সেই ব্যয়পরিশোধ করে।

যদি ডিওই-কে কোনো একটি সুনির্দিষ্ট পরিষেবার জন্য অর্থপ্রদান করতে নির্দেশ দেয়া হয়, এবং ডিওই সেই পরিষেবার জন্য অর্থ প্রদান না করে থাকে, এবং শিক্ষার্থীটি সেই পরিষেবা না পায়, তাহলে শ্রেণিসদস্যের পছন্দ নির্ভর করবে কখন সেই সুনির্দিষ্ট নির্দেশটি প্রদান করা হয়েছে তার উপর:

- যদি সেই নির্দেশ ৩১ ডিসেম্বর, ২০০০ তারিখে বা তার পরে এবং ৩০ জুন, ২০০৬ তারিখে বা তার আগে প্রদান করা হয়, তাহলে শ্রেণিসদস্য শিক্ষা পরিষেবার জন্য একটি ভাউচার প্রদানের অনুরোধ জানাতে পারেন। সেক্ষেত্রে উপরে "ভাউচার"-এর অধীনে উল্লিখিত শর্তগুলো প্রযোজ্য হবে।

- যদি ১ জুলাই, ২০০৬ তারিখে বা তার পরে এবং ৩০ জুন, ২০০৭ তারিখে বা তার আগে কোনো রায় প্রদান করা হয়, তাহলে শ্রেণিসদস্য (i) রায়ে উল্লিখিত পরিষেবাগুলো পেতে পারেন (সেই ক্ষেত্রে ক্লাস সদস্যটি পরিষেবাগুলোর জন্য ইনভয়েস জমা দিলে ডিওই সেই পরিষেবাগুলোর জন্য সম্পূর্ণ খরচ প্রদান করবে) অথবা (ii) শিক্ষা পরিষেবার জন্য একটি ভাউচার প্রদানের অনুরোধ জানাতে পারেন। যদি শ্রেণিসদস্য একটি ভাউচার প্রদানের অনুরোধ জানাতে পছন্দ করেন, তাহলে উপরে "ভাউচার"-এর অধীনে উল্লিখিত শর্তগুলো প্রযোজ্য হবে।

- যদি রায়টি ১ জুলাই, ২০০৭ তারিখে বা তার পরে এবং ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখে বা তার আগে প্রদান করা হয়, তাহলে শ্রেণিসদস্য সদস্যটি রায়ে উল্লিখিত পরিষেবাগুলো পেতে পারেন এবং এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত দাবিনামাটিতে উল্লিখিত প্রমাণপত্রগুলো জমা দিলে ডিওই সেই পরিষেবাগুলোর জন্য সম্পূর্ণ খরচ প্রদান করবে।

৭. *কীভাবে আমি একটি ভাউচার, ডিওই-কে যে অর্থ প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়েছে সেই অর্থ এবং/অথবা আমি ইতিমধ্যেই যে অর্থ ব্যয় করেছি তা পেতে পারি?*

৩০ জুন, ২০০৮ তারিখে বা তার আগে আপনাকে অবশ্যই দাবিনামাটি পূরণ করতে হবে এবং ফেরত পাঠাতে হবে।

পেমেন্ট এবং/অথবা ভাউচার পাওয়ার জন্য, আপনাকে অবশ্যই একটি দাবির প্রমাণপত্র পাঠাতে হবে। এই বিজ্ঞপ্তির সাথে একটি দাবির প্রমাণপত্র সংযুক্ত করা হয়েছে। এছাড়াও আপনি ইন্টারনেটে **www.hearingordersettlement.com** ওয়েবসাইট থেকে দাবির প্রমাণপত্র পেতে পারেন। নির্দেশনাগুলো সতর্কতার সাথে পড়ুন, দাবির প্রমাণপত্রটি পূরণ করুন, প্রয়োজনীয় সকল কাগজপত্র সংযুক্ত করুন, এটিতে স্বাক্ষর করুন, এবং এটিকে ডাকযোগে পাঠিয়ে দিন যাতে এতে জুন ৩০, ২০০৮ তারিখের আগে ডাকমোহর সংযুক্ত হয়।

৮. *আমি কখন আমার পেমেন্ট এবং/অথবা ভাউচার পাবো?*

নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করা হবে কিনা সেই সম্পর্কে ১০ এপ্রিল, ২০০৮ তারিখে আদালতে একটি শুনানি অনুষ্ঠিত হবে ("নিষ্পত্তির ন্যায্যতার শুনানি", "Settlement Fairness Hearing")। যদি নিষ্পত্তির ন্যায্যতার শুনানির পর জাজ হলওয়েল নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করেন, তারপরেও আপিল হতে পারে। যদি কোনো আপিল নথিভুক্ত করা হয়, তাহলে তা নিষ্পত্তি হতে কী পরিমাণ সময় লাগতে পারে তা অনিশ্চিত। নিষ্পত্তির প্রস্তাবটি চূড়ান্ত হয়ে গেলে, আপনার দাবিনামা ও সহায়ক সকল কাগজপত্র পাওয়ার ৬০ দিনের মধ্যে অথবা কার্যকরী তারিখের ৬০ দিনের মধ্যে, যেটি পরে আসে, ভাউচার ও পেমেন্ট পাঠানো হবে, যদি ডিওই আপনার দাবিকে চ্যালেঞ্জ না করে। যদি ডিওই আপনার দাবিকে চ্যালেঞ্জ করার সিদ্ধান্ত নেয়, তাহলে ডিওই অবশ্যই আপনার দাবিতে ডাকমোহর লাগার ৩৫ দিনের মধ্যে আপনার দাবিকে চ্যালেঞ্জ করবে। তারপর আপনার দাবির প্রতি ডিওই-এর চ্যালেঞ্জের জবাব দিতে আপনি ৬০ দিন সময় পাবেন। যদি ডিওই-এর চ্যালেঞ্জ সত্ত্বেও স্বতন্ত্র নিরীক্ষক সিদ্ধান্ত নেন যে আপনি পেমেন্ট বা ভাউচার পাওয়ার যোগ্য, তাহলে স্বতন্ত্র নিরীক্ষকের সিদ্ধান্তের পর ৪৫ দিনের মধ্যে আপনি ভাউচার বা পেমেন্ট পাবেন।

৯. *আমার পেমেন্ট এবং/অথবা ভাউচার পাওয়ার জন্য আমি কী ছেড়ে দিচ্ছি?*

যদি ন্যায্যতার শুনানিতে নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদিত হয়, তাহলে আপনি মামলা করতে পারবেন না, মামলা অব্যাহত রাখতে পারবেন না, অথবা নিরপেক্ষ শুনানির রায়গুলো পূর্ণাঙ্গভাবে ও সময়মতো বাস্তবায়নে ডিওই-এর পদ্ধতিগত ব্যর্থতা সম্পর্কে ডিওই-এর বিরুদ্ধে অন্য কোন মামলায় অংশ নিতে পারবেন না। এছাড়াও এর অর্থ হচ্ছে যে আদালতের সবগুলো রায় আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং আপনি আইনগতভাবে তা মানতে বাধ্য থাকবেন।

সকল শ্রেণিসদস্য, কমপেনসেটোরি রিলিফ সাবক্লাস (Compensatory Relief Subclass) ও ইনজাংটিভ রিলিফ সাবক্লাস (Injunctive Relief Subclass) উভয় ক্লাসের সদস্যরাই নিরপেক্ষ শুনানির রায় পূর্ণাঙ্গভাবে ও সময়মত বাস্তবায়নে ডিওই-এর ভবিষ্যৎ পদ্ধতি সম্পর্কে নিষ্পত্তির প্রস্তাবের শর্তাধীনে থাকবেন। ইনজাংটিভ রিলিফ সাবক্লাসের সদস্যরা ১ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখে বা তার পরে প্রদান করা ব্যক্তিগত নিরপেক্ষ শুনানির রায় সম্পর্কিত তাদের ব্যক্তিগত দাবি নিয়ে অগ্রসর হওয়ার অধিকার সংরক্ষণ করবেন।

নিষ্পত্তির প্রস্তাবে রক্ষিত অব্যাহতি বর্ণনা করে যে:

"মীমাংসিত দাবি" বলতে বোঝায় যে কোনো এবং সকল দাবি, ঋণ, চাওয়া, অধিকার, অথবা কর্মকারণ বা যে কোনো দায়-দায়িত্ব (যাতে অন্তর্ভুক্ত রয়েছে, কিন্তু সীমাবদ্ধ নয়, ক্ষয়ক্ষতি, সুদ, অ্যাটর্নির ফি, বিশেষজ্ঞ বা পরামর্শ ফি, এবং অন্য যে কোনো খরচ, ব্যয়, বা যে কোনো ধরনের দায়-দায়িত্বের জন্য দাবি), ফেডারেল, স্টেট, স্থানীয়, সংবিধিবদ্ধ, বা সাধারণ আইন অথবা অন্য যে কোনো আইন, বিধি, বা প্রবিধান, স্থায়ী বা পরিবর্তনশীল, সংযোজিত বা অ-সংযোজিত, মেটানো বা না-মেটানো, আইনে বা ন্যায্যতায়, পরিপক্ক বা অপরিপক্ক, ক্লাস বা ব্যক্তিগত শ্রেণির উপর ভিত্তি করে, (i) যা প্রধান বাদি, ক্লাস সদস্যগণ, অথবা তাদের যে কেউ অব্যাহতিপ্রাপ্ত পক্ষের যে কারো বিরুদ্ধে এই অ্যাকশনে ঘোষণা করেছেন, অথবা (ii) প্রধান বাদি, ক্লাস সদস্যগণ, অথবা তাদের যে কেউ অব্যাহতিপ্রাপ্ত পক্ষের যে কারো বিরুদ্ধে কোনো ফোরামে হয়তো ঘোষণা করেছেন যা উদ্ভূত হয়, সম্পৃক্ত করে, বা মামলায় বর্ণিত অভিযোগ, লেনদেন, প্রকৃত তথ্য, বিষয়বস্তু বা ঘটনা, সংশ্লিষ্ট প্রতিনিধিত্ব বা বাদ পড়াকে, নির্ধারণ করে, বা উল্লেখ করে। মীমাংসিত দাবি অন্তর্ভুক্ত করে না (i) নিষ্পত্তির প্রস্তাবটি বা তা থেকে উদ্ভূত যে কোনো অনুবিধি বলবৎ করার দাবি (ii) কমপেনসেটোরি রিলিফ সাবক্লাসের যে সব সদস্যরা বেরিয়ে গিয়েছেন তাদের দাবি অথবা, (iii) ১ ফেব্রুয়ারি, ২০০৮ তারিখ বা তার পরে প্রদত্ত রায়ের সাথে সম্পর্কিত ইনজাংটিভ রিলিফ সাবক্লাসের সদস্যদের ব্যক্তিগত দাবি।

আপনার প্রতিনিধিত্বকারী আইনজীবীগণ

১০. *এই মামলায় আমার কী কোনো আইনজীবী আছেন?*

হ্যাঁ। *আপনি একজন ক্লাস সদস্য হলে* 'অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন অব নিউ ইয়র্ক' এবং Milbank, Tweed, Hadley and McCloy, LLP আইনজীবীর অফিস আপনার প্রতিনিধিত্ব করবে। এই সকল আইনজীবীদেরকে বলা হয় ক্লাস কাউন্সেল। এই সকল আইনজীবীদের দ্বারা প্রতিনিধিত্ব করানোর জন্য আপনাকে চার্জ করা হবে না। যদি আপনি আপনার নিজস্ব আইনজীবী দ্বারা প্রতিনিধিত্ব করাতে চান, তাহলে আপনি নিজের খরচে একজনকে ভাড়া করতে পারেন।

১১. *আইনজীবীদের খরচ কীভাবে মেটানো হবে?*

শর্ত অনুযায়ী প্রকৃত তথ্য অনুসন্ধান, মামলা পরিচালনা, নিষ্পত্তির প্রস্তাবটি নিয়ে আলোচনা, এবং নিষ্পত্তির প্রস্তাবটি শেষ না হওয়া পর্যন্ত বিবাদীদের আচরণ পর্যবেক্ষণ করার জন্য ক্লাস কাউন্সেল-এর যুক্তিসঙ্গত অ্যাটর্নি ফি ডিওই প্রদান করবে। *এই সকল ফি প্রদান ক্লাস সদস্যদের সুবিধা পুনরুদ্ধারকে কোনো অবস্থাতেই প্রভাবিত করবে না।*

নিষ্পত্তির প্রস্তাবের বিরুদ্ধে আপত্তি জানানো

আপনি আদালতকে জানাতে পারেন যে আপনি নিষ্পত্তির প্রস্তাব বা এর কোনো অংশের সাথে একমত নন।

১২. *আমি আদালতকে কীভাবে জানাবো যে আমি নিষ্পত্তির প্রস্তাবটি পছন্দ করছি না?*

যদি আপনি একজন শ্রেণিসদস্য হন, নিষ্পত্তির প্রস্তাবটির কোনো অংশ আপনার পছন্দ না হলে আপনি এর বিরুদ্ধে আপত্তি জানাতে পারেন। আদালত কেন এটিকে অনুমোদন করা উচিত হবে না বলে আপনি মনে করেন তার পক্ষে আপনি কারণ দেখাতে পারেন। আদালত আপনার মতামত বিবেচনা করতে পারেন। আপত্তি জানানোর জন্য, আপনাকে অবশ্যই একটি চিঠি পাঠাতে হবে যাতে উল্লেখ থাকবে যে আপনি "*LV, et al. v. New York City Dept. of Educ., et al.*, United States District Court, Southern District of New York, No. 03 Civ. 9917 (RJH)."-এর বিরুদ্ধে আপত্তি জানাচ্ছেন। আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, আপনার স্বাক্ষর, এবং নিষ্পত্তির প্রস্তাবের বিরুদ্ধে আপনার আপত্তি জানানোর কারণ অবশ্যই উল্লেখ করবেন। *নিচের ঠিকানাগুলোতে মার্চ ২১, ২০০৮ তারিখের বা তার আগের ডাকমোহর সহ আপনার আপত্তি ডাকযোগে পাঠাবেন:*

The Clerk of the Court
United States District Court
500 Pearl Street
New York, New York 10007

Shawn V. Morehead, Esq.
Advocates for Children of New York, Inc.
151 West 30th Street
New York, New York 10001

Jeffrey S. Dantowitz, Esq.
New York City Law Department
Office of the Corporation Counsel
100 Church St.
New York, NY 10007-2601

আদালতের সেটেলমেন্ট ফেয়ারনেস হিয়ারিং বা নিষ্পত্তির ন্যায্যতার শুনানি

নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করা হবে কিনা সেই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য আদালতে একটি শুনানি অনুষ্ঠিত হবে। আপনি অংশগ্রহণ করতে পারেন এবং আপনি কথা বলার সুযোগ চাইতে পারেন, কিন্তু আপনাকে অংশগ্রহণ করতেই হবে এমন নয়।

১৩. *নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করা হবে কিনা সেই সম্পর্কে আদালত কখন ও কোথায় সিদ্ধান্ত গ্রহণ করবেন?*

আদালত ১০ এপ্রিল, ২০০৮ তারিখে সকাল ১০টায় নিউ ইয়র্কের দক্ষিণের ডিস্ট্রিক্টগুলোর জন্য ইউনাইটেড স্টেটস্ ডিস্ট্রিক্ট কোর্ট (United States District Court for the Southern District of New York)-এ নিষ্পত্তির ন্যায্যতার শুনানি অনুষ্ঠিত করবে যার ঠিকানা হচ্ছে: Daniel Patrick Moynihan United States Courthouse, 500 Pearl Street, New York, New York 10007, in Courtroom 14A. এই শুনানিতে, আদালত বিবেচনা করবেন যে নিষ্পত্তির প্রস্তাবটি ন্যায্য, যুক্তিসঙ্গত, ও পর্যাপ্ত কিনা। যদি কোনো আপত্তি থাকে, তাহলে আদালত সেগুলো বিবেচনা করবেন। যারা শুনানিতে কথা বলার জন্য যথাযথভাবে অনুমতি চাইবেন জজ রিচার্ড হলওয়েল তাদের কথা শুনবেন। শুনানির পর, নিষ্পত্তির প্রস্তাবটি অনুমোদন করা হবে কিনা সেই সম্পর্কে আদালত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১৪. *আমাকে কী শুনানিতে আসতে হবে?*

না। জাজ হলওয়েলের কোনো প্রশ্ন থাকলে ক্লাস কাউন্সেল সেগুলোর উত্তর দিবেন। তবে, আপনি ইচ্ছে করলে আপনার নিজের খরচে স্বচ্ছন্দে আসাতে পারেন। যদি আপনি কোনো আপত্তি পাঠান, তাহলে সেই সম্পর্কে কথা বলার জন্য আপনাকে আদালতে আসতে হবে না। আপনি যথাসময়ে আপনার লিখিত আপত্তি ডাকযোগে পাঠালে, আদালত তা বিবেচনা করতে পারেন। অংশগ্রহণের জন্য আপনি আপনার নিজস্ব আইনজীবীর খরচ বহন করতে পারেন, কিন্তু এটি আবশ্যক নয়।

১৫. *আমি কী শুনানিতে কথা বলতে পারি?*

নিষ্পত্তির ন্যায্যতার শুনানিতে কথা বলার জন্য আপনি আদালতে অনুমতি চাইতে পারেন। তা করার জন্য, আপনাকে অবশ্যই একটি চিঠি পাঠাতে হবে যাতে উল্লেখ থাকবে যে আপনি "*LV, et al. v. New York City Dept. of Educ., et al.*, No. 03 Civ. 9917 (RJH)" মামলায় অংশগ্রহণ করতে চান। আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, আপনার স্বাক্ষর, এবং শুনানিতে সাক্ষ্য প্রদানের জন্য আপনি কোনো সাক্ষী ডাকতে চাইলে এবং কোনো আলামত প্রদর্শন করতে চাইলে আপনি অবশ্যই তা উল্লেখ করবেন। *আপনার চিঠিতে অবশ্যই মার্চ ২১, ২০০৮ তারিখের বা তার আগের ডাকমোহর থাকতে হবে,* এবং নিচের ঠিকানাগুলোতে পাঠাতে হবে:

The Clerk of the Court
United States District Court
500 Pearl Street
New York, New York 10007

Shawn V. Morehead, Esq.
Advocates for Children of New York, Inc.
151 West 30th Street
New York, New York 10001

Jeffrey S. Dantowitz, Esq.
New York City Law Department
Office of the Corporation Counsel
100 Church St.
New York, NY 10007-2601

১৬. *আমি যদি কিছুই না করি তাহলে কী হবে?*

যদি আপনি কিছুই না করেন এবং আপনি শিক্ষামূলক খরচের জন্য একটি ভাউচার বা পেমেন্ট পাওয়ার যোগ্য হন, তাহলে আপনি অন্যথায় যে কোনো ভাউচার বা পেমেন্ট পাওয়ার যোগ্য হলেও আপনি তা পাবেন না। তবে, এই মামলার আইনগত বিষয়গুলো সম্পর্কে আপনি কোনো মামলা শুরু করতে, কোনো মামলা চালিয়ে যেতে, অথবা ডিওই-এর বিরুদ্ধে অন্য যে কোনো মামলায় অংশ নিতে পারবেন না, আর কখনোই পারবেন না।

আরো তথ্য কোথায় পাওয়া যাবে

১৭. *নিষ্পত্তির প্রস্তাবটি সম্পর্কে আরো বিস্তারিত তথ্য আছে কি?*

এই বিজ্ঞপ্তিটি নিষ্পত্তির প্রস্তাবটির সংক্ষিপ্তসার প্রদান করে। আরো বিস্তারিত বিবরণ চুক্তিটিতে (স্টিপুলেশন-এ) আছে। এই বিজ্ঞপ্তিটি যদি কোনো ক্ষেত্রে চুক্তি (স্টিপুলেশন) থেকে ভিন্ন হয়, তাহলে চুক্তিতে বর্ণিত শর্তাবলিই প্রযোজ্য হবে। আপনি **www.hearingordersettlement.com** ওয়েবসাইটে গিয়ে চুক্তির (স্টিপুলেশন) একটি কপি পেতে পারেন।